

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)



স্মারক নং-মাউশি/সেসিপ/SPSU/২-৪০৮/ILC/২০১৮/২৬৪৮

তারিখ: ২০.০৯.২০১৮ খ্রি.

বিষয়ঃ সেসিপ-এর আওতায় স্থাপিত আইসিটি লার্নিং সেন্টার (ILC) ব্যবহার বিষয়ে শিক্ষকগণের প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত মাস্টার ট্রেনার তৈরির লক্ষ্যে আইসিটি বিষয়ে দক্ষ শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেসিপ-এর আওতায় স্থাপিত ৬৪০টি আইসিটি লার্নিং সেন্টার (ILC) -এর ব্যবহার বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষকগণের জন্য প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত মাস্টার ট্রেনার পূল প্রস্তুতের জন্য আহ্বান ও যোগ্য আইসিটি বিষয়ে দক্ষ শিক্ষকগণের নামের তালিকা প্রয়োজন। বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য তাঁর অধিক্ষেত্রাধীন সেসিপ-এর আইসিটি লার্নিং সেন্টারসমূহ হতে যোগ্য আইসিটি শিক্ষক/ আইসিটি বিষয়ে দক্ষ শিক্ষকগণের মধ্যে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করে নিম্নবর্ণিত সংখ্যক শিক্ষকের নামের তালিকা আগামী ২৫.০৯.২০১৮ খ্রি. তারিখের মধ্যে 'সংযুক্ত ছক' মোতাবেক spsu.training2017@gmail.com [বাংলা ফন্ট **SutonnyMJ**] ই-মেইল ঠিকানায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আঞ্চলিক কার্যালয়ের সহকারী প্রোগ্রামার সংশ্লিষ্ট জেলার সহকারী প্রোগ্রামার ও ডিষ্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটরগণের সাথে আলোচনাক্রমে খসড়া তালিকা প্রস্তুতের পরে পরিচালক, আঞ্চলিক কার্যালয় তালিকা চূড়ান্ত করবেন।

বিষয়টি অতীব জরুরি।

শর্তসমূহ:

১. সেসিপের আওতায় স্থাপিত আইসিটি লার্নিং সেন্টার হতে মাস্টার ট্রেনার প্রশিক্ষণের জন্য আইসিটি বিষয়ে দক্ষ শিক্ষক মনোনীত করতে হবে।
 ২. প্রতিষ্ঠান প্রধানের সঙ্গে আলোচনা করে আইসিটি বিষয়ে সর্বাধিক দক্ষ/পারদর্শী শিক্ষককে মনোনয়ন দিতে হবে।
 ৩. প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থেকে প্রশিক্ষণ পরিচালনা করার মত শারীরিক ও মানসিক সামর্থ্য থাকতে হবে।
 ৪. মাস্টার ট্রেনার হিসেবে প্রশিক্ষণ গ্রহণ করার পর বর্ণিত প্রশিক্ষণের মার্চ পর্যায়ের ন্যূনতম ০৪টি ব্যাচে (প্রতি ব্যাচ ০৬ দিন) প্রশিক্ষক হিসেবে অবশ্যই দায়িত্ব পালন করতে হবে।
 ৫. সেসিপ-এর আওতায় স্থাপিত ৬৪০টি আইসিটি লার্নিং সেন্টার হতে বরিশাল অঞ্চল ৩০ জন, চট্টগ্রাম অঞ্চল ৪৫ জন, কুমিল্লা অঞ্চল ২৫ জন, ঢাকা অঞ্চল ৭০ জন, খুলনা অঞ্চল ৪০ জন, ময়মনসিংহ অঞ্চল ৩৫ জন, রাজশাহী অঞ্চল ৪৫ জন, রংপুর অঞ্চল ৪০ জন ও সিলেট অঞ্চল হতে ৩০ জন আইসিটি বিষয়ে দক্ষ শিক্ষকের নামের তালিকা প্রয়োজন।
- *উল্লেখ্য যে, শিক্ষকগণের নামের তালিকা পাওয়ার পর প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সেসিপ হতে চূড়ান্ত মনোনয়ন আদেশ জারি করা হবে।

(মোঃ আবু ছাইদ শেখ)

যুগ্ম প্রোগ্রাম পরিচালক, অতিরিক্ত সচিব
ফোন: ৯৫৫৩৭১২

পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সকল)

স্মারক নং-মাউশি/সেসিপ/SPSU/২-৪০৮/ILC/২০১৮/২৬৪৮

তারিখ: ২০.০৯.২০১৮ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক (প্রশাসন/ প্রোগ্রাম/ ইকুইটি), সেসিপ, ঢাকা।
৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)।
৪. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
৫. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), সেসিপ (পত্রটি সেসিপ www.sesip.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সংরক্ষণ নথি।

(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২)
ফোন: ৯৫৭৩৮৪৩



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
আঞ্চলিক কার্যালয়,

সংযুক্ত ছক' বাংলা ফন্ট SutonnyMJ]

বিষয়: সেশিপ-এর আওতায় স্থাপিত আইসিটি লার্নিং সেন্টার (ILC) ব্যবহার বিষয়ে শিক্ষকগণের প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত মাস্টার ট্রেনিং মাস্টার ট্রেনিং লস্ক্যে আইসিটি বিষয়ে দক্ষ শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

ক্রম	নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম	*বিষয় আইসিটি/	উপজেলা, জেলা	*মোবাইল নম্বর	শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা
১.					
২.					
৩.					
৪.					
৫.					
৬.					
৭.					
৮.					
৯.					
১০.					

* মনোনীত শিক্ষক যে বিষয়ে পাঠদান করান তা উল্লেখ করতে হবে।

* মোবাইল নম্বর ব্যতীত কোন শিক্ষকের নাম প্রেরণ করা যাবে না।

পরিচালকের স্বাক্ষর
আঞ্চলিক কার্যালয়

তারিখ:

স্বাক্ষর